



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০২/০৪/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ


রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ৬০০ গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ মোট ০৩ (তিন) জন মাদক ব্যবসায়ী ও ০৫ (পাঁচ) জন মাদকসেবী সহ সর্বমোট ০৮ (আট) জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২



ঘটনা-৩

গত ০১/০৪/২০২১ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) এর অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন কর্মপরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় ০৩ (তিন) টি মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে ৬০০ (ছয় শত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ মোট ০৩ (তিন) জন মাদক ব্যবসায়ী ও ০৫ (পাঁচ) জন মাদকসেবী সহ সর্বমোট ০৮ (আট) জন আসামী গ্রেফতার।

- গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ) আই.এইচ. লাকু সরকার এর নেতৃত্বে সঙ্গীয় এসআই (নিঃ) মোঃ তৈবুর রহমান এবং ফোর্সের সহায়তায় আরপিএমপি তাজহাট থানা এলাকায় অভিযান পরিচালনাকালে উক্ত থানাধীন দর্শনা মোড় আরকে রোডের পশ্চিম পার্শ্ব নালন্দা ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ এর মূল ফটকের সামনে থেকে নেশাজাতীয় মাদকদ্রব্য ৫০০ (পাঁচশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী ০১। মোঃ জাফর ইকবাল @ জনি(২৬), পিতা- মোঃ ইউনুছ আলী, সাং- দর্শনা ডাংগিরপাড় (ভাঙ্গা ব্রীজ সংলগ্ন), ০২। মোঃ নিহাজুল ইসলাম@ মিশু, পিতা- মৃত আব্দুস সামাদ, সাং- বিনোদপুর, ডাকঘর- আক্কেল পুর, উপায় ওয়ার্ড নং-১৫, থানা- তাজহাট, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। এসংক্রান্তে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন-২০১৮ ধারায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।
- গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম, এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্স এর সহায়তায় আরপিএমপি কোতয়ালী থানাধীন সুপার মার্কেট এর সামনে নবাবগঞ্জ বাজারস্থ নিয়াজ হোটেল এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে নেশা জাতীয় মাদকদ্রব্য ১০০(একশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ রঞ্জু আহমেদ রাশেদ(২৫), পিতা-মোঃ মন্টু হোসেন, মাতা-মোঃ রঞ্জিনা বেগম, সাং- জুম্মাপাড়া, (ছোট মাদ্রাসা সংলগ্ন) থানা- কোতয়ালী, মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। এসংক্রান্তে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন-২০১৮ ধারায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।
- গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম, এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই নিঃ তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) আলতাভ রাজু এবং সঙ্গীয় ফোর্সের সহায়তায় আরপিএমপি কোতয়ালী থানাধীন আরপিএমপি কোতয়ালী থানা এলাকায় অভিযান পরিচালনা করে উক্ত থানাধীন সিটি কলেজ, কামাল কাচন সরকারী প্রাথমিক বিদ্যালয়, আলহেরা একাডেমি জুম্মাপাড়া, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়, জুম্মাপাড়া এবং নুরপুর হোমিও কলেজ বাউন্ডারী প্রাচীরের ভিতর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য গাঁজা সেবনের প্রস্তুতি কালে গাঁজা সেবনের সরঞ্জামাদীসহ আসামী ০১। মোঃ মনজু মিয়া (২৯) পিতা- মোঃ সুলতান, সাং- মুলাটোল, কোতয়ালী থানার সামনে, ২। মোঃ আরিফ হোসেন(২৩), পিতা-হারুনুর রশিদ, সাং-জুম্মাপাড়া, প্রাইমারী স্কুলের পিছনে, ৩। মোঃ জুয়েল মিয়া(২৭), পিতা-আমিনুল ইসলাম, সাং-তুতফারমোড়, ৪। মোঃ আরাফাত হোসেন প্রঃ আবিব (১৯), পিতা-মৃত জাহাঙ্গীর হোসেন, সাং-গুপ্তপাড়া খরম পট্টি এবং ৫। মোঃ শাহাদৎ খন্দকার(১৯), পিতা-বাদশা মিয়া, সাং-গুপ্তপাড়া, সর্বথানা-কোতয়ালী, মহানগর, রংপুর-দের গ্রেফতার করা হয়। এসংক্রান্তে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।

০২.০৪.২০২১

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১